

মুন্সীগঞ্জ জেলার মার্চ/২০১৬ মাসের বেসরকারী সংস্থার (এনজিও) জেলা সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ : ২৭ মার্চ, ২০১৬ খ্রিঃ  
সময় : বেলা ১০.০০ ঘটিকা  
স্থান : জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর সম্মেলন কক্ষ।  
সভাপতি : মোঃ সাইফুল হাসান বাদল  
জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক”।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত ও দৃঢ়করণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত বেসরকারী সংস্থার মাসিক কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০১। **ব্র্যাক** : ব্র্যাক মুন্সীগঞ্জ জেলার ৬টি উপজেলাতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা, নিরাপদ অভিবাসন, আইন সহায়তা, সামাজিক ক্ষমতায়ন, জেডার জাস্টিস ও ডাইভারসিটি এবং মাইক্রো ফাইন্যান্স কর্মসূচির কার্যক্রম চালাচ্ছে। বর্তমানে শিক্ষা কর্মসূচির আওতায় ১৫টি ব্র্যাক প্রাইমারী স্কুলে ৪৭১ জন শিক্ষার্থী অধ্যয়ন করছে। ৪২টি মাধ্যমিক স্কুলে ৪৭৪ জন শিক্ষক ও ২২০০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। স্বাস্থ্য কর্মসূচির আওতায় ২১৭ জন যক্ষ্মা রোগী সনাক্ত হয়েছে। গর্ভপূর্ব ৫৮১০ জন মায়ের পরিচর্যা করা হয়েছে এবং টিবি রোগীদের ২৪০ জনকে ২৬৩৩৫০ টাকার সোস্যাল সাপোর্ট দেওয়া হয়। মাইক্রোফাইন্যান্স কর্মসূচির আওতায় ৩,৮৫০ জনকে ২৯,৫০,৩০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। মানবাধিকার ও আইন সহায়তা কার্যক্রম এবং বর্গাচাষীদের মাঝে ঋণ বিতরণ কর্মসূচী যথা নিয়মে চলছে।

০২। **সূর্যের হাসি ক্লিনিক (BAMANEH)** : সূর্যের হাসি ক্লিনিক একটি সম্পূর্ণ স্বাস্থ্য বিষয়ক সংস্থা। এখানে কোন ঋণ কার্যক্রম নেই। পরিবার পরিকল্পনা পদ্ধতির বিভিন্ন সরঞ্জাম (পিল, কনডম, আইইউডি, পিএলটিএম) বিতরণ, শিশু স্বাস্থ্য সেবা (০-৫ বৎসর) ৫৮৫ জন ও হত দরিদ্রদের ফ্রি স্বাস্থ্য সেবা ৬০৪ জনকে প্রদান করা হয়েছে। এছাড়া মায়ের স্বাস্থ্য সেবা ৩৬৪ জন, পরিবার পরিকল্পনা পদ্ধতি ৮৬৮ জন, প্রজনন স্বাস্থ্য সেবা ৩৪০ জন, সাধারণ সেবা ৫৩৩ জনকে প্রদান এবং ২৫ টি উঠান বৈঠক ও গ্রুপ মিটিং করা হয়েছে।

০৩। **আশা** : এ সংস্থাটি ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে ফরেন রেমিট্যান্স বাবদ ২০১৬ সনের ফেব্রুয়ারী মাসে ৪২৮ টি লেনদেনের মাধ্যমে ১,১১,১৩,৩৭০/- টাকা প্রদান করেছে। ৫২২৬০ জন সদস্যদের মধ্যে চিকিৎসা সংক্রান্ত কুসংস্কার প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করা হয়। এ সংস্থা উল্লিখিত প্রকল্প ছাড়াও আশা বিশ্ববিদ্যালয়ে ছেলে-মেয়েদেরকে কম খরচে ভর্তিসহ লেখা পড়ার সুযোগ দিয়ে থাকে। জেলায় আশার চিতলিয়াবাজার, ইদ্রাকপুর, রামপাল, গজারিয়া, হাসাড়া ও ইমামগঞ্জ ব্রাঞ্চের অধীনে প্রতিটি শিক্ষা কেন্দ্রে ৬ জন শিক্ষা সুপারভাইজার ও ৯০ জন শিক্ষা সেবিকার মাধ্যমে ১৮৩২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে শিক্ষা কার্যক্রম চলছে। এছাড়া ফেব্রুয়ারী/১৬ মাসে ৫৩৮৫ জনকে ১৯,৬৯,৪৬,০০০/- টাকা ঋণ বিতরণ এবং ৫৩২২ জন হতে ২০,৫৫,২০,০০০/- টাকা ঋণ আদায় করা হয়।

০৪। **মেরী স্টোপস মিনি ক্লিনিক** : এ বিভাগের কার্যপত্র হতে জানা যায়, ফেব্রুয়ারী/১৬ মাসে ৩০২ জনকে ৮১৩ টি সার্ভিস প্রদান করা হয়। ৫৮ জনকে ১৭৪ চক্র পিল, ২৬ জনকে ৬২৪ পিস কনডম, ১০৫ জনকে ইনজেকটেবল, ০৬ জনকে আই

